গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-**২৩৫** তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ / ২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

লক্ষ করা যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখস্থ রাস্তা পার হতে গিয়ে শিক্ষার্থীরা সড়ক দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। এ ধরনের দুর্ঘটনা রোধকল্পে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরুর প্রাক্কালে এবং ছুটি হওয়ার পর অর্থাৎ শিক্ষার্থীরা যখন প্রতিষ্ঠানে প্রবেশ করবে এবং প্রতিষ্ঠান ত্যাগ করবে সে সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিরাপদে রাস্তা পারাপারের ব্যবস্থা করবেন। এ সময় রাস্তা পারাপারে সহযোগিতাকারী ব্যক্তি/ব্যক্তিবর্গ প্লাকার্ড বহন করতে পারেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পালাক্রমে এ দায়িত্ব পালন করার জন্য শিক্ষক কিংবা অন্যান্য দায়িত্ববান কর্মকর্তাদের নিয়োজিত করতে পারেন, স্কাউট-গার্লস গাইড/বি.এন.সি.সি. ও জ্যেষ্ঠ শিক্ষার্থীদেরও নিয়োজিত করা যেতে পারে। প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীদের রাস্তা পারাপারের স্থলে প্রয়োজনে জেব্রা ক্রসিং এর ব্যবস্থা করবেন। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তব্যরত ট্রাফিক পুলিশের সহযোগিতা নিতে পারেন। শিক্ষার্থীদের রাস্তা পারাপারে সহযোগিতা করার সময় যেন অনাকাঙ্ক্ষিত যানজট সৃষ্টি না হয় সেদিকেও বিশেষ নজর রাখতে হবে।

স্বা:/-
তারিখ: ২৫/০৭/২০১৯
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-**২৩৫** তারিখ : ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ / ২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয়ে অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. বিভাগীয় কমিশনার.................................................................................... (সকল)।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।

চলমান পাতা/২

৮. জেলা প্রশাসক............................................................................................(সকল)।
৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ............................................(সকল)।
১০. পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১১. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
১২. উপজেলা নির্বাহী কর্মকর্তা.......................................................................(সকল)।
১৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
১৪. জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

২৫/০৭/২০১৯

(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫
ই-মেইল: ds_sec2@moedu.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.১৯-২০৮৫০/১১ তারিখ: ২৫/০৭/২০১৯ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২৫/০৭/২০১৯ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৫- স্মারকে বর্ণিত পরিপত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। আঞ্চলিক পরিচালক (সকল) ------------------------------------------------------------
০২। অধ্যক্ষ, সকল (সরকারি ও বেসরকারি কলেজ) ---------------------------------------------
০৩। আঞ্চলিক উপ-পরিচালক (সকল)----------------------------------------------------------
০৪। প্রধান শিক্ষক, সকল (সরকারি ও বেসরকারি বিদ্যালয়) ------------------------------------------
০৫। জেলা শিক্ষা অফিসার (সকল) ------------------------------------------------------------
(তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে বর্ণিত কার্যক্রম নিশ্চিতপূর্বক প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন মাউশি অধিদপ্তরে প্রেরণ করবেন)।
০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) --------------------------------------------
(তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে বর্ণিত কার্যক্রম নিশ্চিতপূর্বক প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে মাউশি অধিদপ্তরে প্রেরণ করবেন)।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৫। সংরক্ষণ নথি।

২৫/৭/১৯

(প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য)
পরিচালক (প্রশিক্ষণ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ফোন: ৯৫৫৯১০১